

BDNews24.com, 08-03-2022

নারীর নিরাপত্তায় রাজধানীর সড়ক আলোকিত করার দাবি

নিজস্ব প্রতিবেদক, বিভিন্ন উজ্জ্বল টোয়েন্টিফোর ডটকম

Published: 08 Mar 2022 09:09 PM BdST | Updated: 08 Mar 2022 09:09 PM BdST



নারীদের নিরাপত্তায় রাজধানীর সড়কগুলো আরও আলোকিত করার দাবি এসেছে নারী দিবসের এক আলোচনায়।

মঙ্গলবার রাজধানীর আফতাবনগারে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক নারী দিবসের অনুষ্ঠানে বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রূপালী চৌধুরী এমন দাবি তোলেন।

প্রতিষ্ঠানটির অন্যতম শীর্ষ পদে থাকা এই নারী বলেন, “একটা মেয়েকে কোথাও কাজের জন্য পাঠাতে আমাদের এখনও তার নিরাপত্তার বিষয়ে চিন্তা করতে হয়। বেশিরভাগ অপরাধ অন্ধকারেই ঘটে।”

এসময় তিনি শহরের রাস্তাগুলোকে আরও আলোকিত করার জন্য সরকারের প্রতি দাবি জানান।

অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন নারীদের কর্মপরিবেশ আরও উন্নত করা হবে বলে জানান।

তিনি বলেন, “ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি সবসময়ই নারীদের জন্য সমান সুযোগ ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করে এসেছে। ভবিষ্যতে তা আরও জোরদার করা হবে।”

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মুহাম্মদ জিয়াউল হক মামুন, ফ্যাকাল্টি অব লিবারেল আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্স এর ডিন অধ্যাপক ফৌজিয়া মামান।